

আগষ্ট, ২০২৩ মাসের উপজেলা চিংড়ি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মো: রাশেদুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট।

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগেরহাট সদর, বাগেরহাট।

সভার তারিখঃ ১০-০৮-২০২৩ খ্রিঃ।

সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা-পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে সভায় স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা চিংড়ি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব জুন, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী পড়ে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। ঘের রেজিস্ট্রেশন সম্পর্কিতঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিশ্ববাজারে চিংড়ি রপ্তানীর ধারাবাহিকতা রক্ষার্থে উপজেলার সকল গলদা/বাগদা চিংড়ি চাষীদের ঘের রেজিস্ট্রেশনের আওতায় আনা প্রয়োজন। এ উপজেলার ১২৯৪৫ টি ঘেরের মধ্যে মোট ৮৪৫৩ টি ঘেরের রেজিস্ট্রেশন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ঘের রেজিস্ট্রেশন সম্পর্কিত প্রচার প্রচারণা অব্যাহত আছে। এ মাসে নতুন ০২ টি আবেদন পাওয়া গেছে।	১। রেজিস্ট্রেশন বিহীন ঘেরগুলো রেজিস্ট্রেশনের আওতায় আনার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহায়তায় চাষীদের উদ্বুদ্ধকরণে সচেতনতা সভা ও প্রচার প্রচারণার অব্যাহত রাখতে হবে। নতুন আবেদনকৃত ২ টি ঘেরের রেজিস্ট্রেশন দেওয়া হলো।	(১) উপজেলা নির্বাহী অফিসার (২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
২। চিংড়ির দেহে রাসায়নিক পদার্থ পুশ সংক্রান্তঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার ডিপো, আড়ত ও চিংড়ি চাষ হয় এমন সব স্থানে খোজ খবর নিয়ে চিংড়ির দেহে রাসায়নিক পদার্থ পুশ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায় নি। এ বিষয়ে আরো বেশি তথ্য সংগ্রহ এবং চাষি/ডিপো/আড়তদারদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার প্রচারণার অব্যাহত আছে।	২। চিংড়ির দেহে রাসায়নিক পদার্থ পুশ সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং পুশ এর কুফল সম্পর্কে সংশ্লিষ্ট চাষি/ ডিপো/ আড়তদারদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার প্রচারণার অব্যাহত রাখতে হবে।	(১) উপজেলা নির্বাহী অফিসার (২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
৩। চিংড়ির মানোন্নয়ন এবং মোবাইল কোর্ট পরিচালনাঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চিংড়ির মানোন্নয়নের জন্য প্রতি মাসে কমপক্ষে ০১ টি চিংড়ির ঘের নিবিড়ভাবে পরিদর্শন ও পরামর্শ দেওয়া হয়, এছাড়া নিয়মিত ডিপো/আড়ত ও বরফকল পরিদর্শন করা হয়। লাইসেন্স বিহীন ডিপো/আড়ত ও বরফকল যাতে পরিচালিত না হয় এর বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হয়।	৩। লাইসেন্সবিহীন কোন ডিপো/আড়ত/ বরফকল যাতে পরিচালিত না হয় সে বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা করতে হবে।	(১) উপজেলা নির্বাহী অফিসার (২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
৪। ক্রাস্টার পদ্ধতিতে চিংড়ি চাষঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, “সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রকল্পে” এর আওতায় গুনগত মান সম্পন্ন চিংড়ি উৎপাদন বৃদ্ধির লক্ষে অত্র উপজেলায় প্রকল্পের নির্দেশনা মোতাবেক গঠিত ০৩(তিন) টি ক্রাস্টারে (১) পারকুরশাইল চিংড়ি চাষি ক্রাস্টার-১ (২) পারকুরশাইল চিংড়ি চাষি ক্রাস্টার-২ (৩) শ্রীঘাট সদুল্যাপুর চিংড়ি চাষি ক্রাস্টার প্রকল্প দপ্তর হতে সরাসরি তাদের যৌথ একাউন্টে মোট ৯৪.৯৪ লক্ষ টাকা ম্যাচিং গ্রান্ট প্রদান করা হয়েছে।	৪। ক্রাস্টার পদ্ধতিতে চিংড়ি চাষের জন্য সরকার কর্তৃক প্রদত্ত ম্যাচিং গ্রান্ট যাতে চাষিরা প্রকল্পের নির্দেশনা মোতাবেক সঠিকভাবে ব্যবহার করে সে বিষয়ে চাষিদের পরামর্শ প্রদান ও নিয়মিত তদারকি অব্যাহত রাখতে হবে।	(১) উপজেলা নির্বাহী অফিসার (২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার (৩) মেরিন ফিসারিজ অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রাশেদুজ্জামান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা চিংড়ি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি

বাগেরহাট সদর, বাগেরহাট।

স্মারক নং- ৩৩.০২.০১০৮.৫০১.৩৬.০৪২.১৬.১৭২

তারিখঃ ১০/০৮/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১. জেলা প্রশাসক, বাগেরহাট।
২. জেলা মৎস্য অফিসার, বাগেরহাট।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট।
৪., বাগেরহাট সদর, বাগেরহাট।
৫. অফিস কপি।

(মো: ফেরদৌস আনসারী)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা চিংড়ি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি
বাগেরহাট সদর, বাগেরহাট।